

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৪৮

আগরতলা, ৩১ ডিসেম্বর, ২০২০

আগরতলায় সেনাবাহিনীতে নিয়োগ
র্যালি ১২ জানুয়ারি থেকে

সেনাবাহিনীতে বিভিন্ন পদে নিয়োগের জন্য আগরতলায় আগামী ১২ জানুয়ারি থেকে ২০ জানুয়ারি পর্যন্ত নিয়োগ র্যালি অনুষ্ঠিত হবে। দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে এই র্যালি অনুষ্ঠিত হবে।

শিলচরস্থিত আর্মি রিক্রুটিং অফিস থেকে জানানো হয়েছে, যেসব পদে নিয়োগ করা হবে সেগুলি হলো - সোলজার জেনারেল ডিউটি (অল আর্মস), সোলজার টেকনিক্যাল, সোলজার ক্লার্ক / স্টোর কিপার টেকনিক্যাল / অল আর্মস এবং সোলজার ট্রেডসম্যান পদে। এ বিষয়ে বিস্তারিত www.joinindianarmy.nic.in এই ওয়েবসাইটে দেখতে পাওয়া যাবে।
